




এনসিপির মনিরা শারমিনের প্রার্থিতা চূড়ান্তভাবে বাতিল



এনসিপির যুগ্ম আহ্বায়ক মনিরা শারমিন। ছবি : সংগৃহীত

সংরক্ষিত নারী আসনে এনসিপির মনিরা শারমিনের প্রার্থিতা চূড়ান্তভাবে বাতিলই থাকছে। আপিল শুনানিতেও নির্বাচন কমিশন (ইসি) তার মনোনয়ন বহাল রাখেনি। সোমবার (২৭ এপ্রিল) সকালে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে অনুষ্ঠিত আপিল শুনানিতে এই সিদ্ধান্ত জানানো হয়। এর ফলে জামায়াত জোটের প্রার্থী হিসেবে তার নির্বাচন করার সুযোগ আর থাকছে না।

এর আগে যাচাই-বাছাইয়ের সময়ই তার মনোনয়নপত্র বাতিল করা হয়েছিল। জানা যায়, সরকারি চাকরি ছাড়ার পর নির্ধারিত তিন বছর পূর্ণ না হওয়ায় বিধি অনুযায়ী তার প্রার্থিতা গ্রহণযোগ্য হয়নি।

এদিকে সংরক্ষিত নারী আসনে বিএনপি জোট জমা দেওয়া ৩৬টি মনোনয়নপত্রই বৈধ ঘোষণা পেয়েছে। অন্যদিকে ১১ দলীয় এক্স জোটের জমা দেওয়া ১৩টি মনোনয়নের মধ্যে দুটি বাতিল হয়েছে।

মনোনয়ন বাতিলের বিরুদ্ধে আপিল করার শেষ সময় ছিল ২৬ এপ্রিল। ২৭ ও ২৮ এপ্রিল আপিল শুনানি অনুষ্ঠিত হচ্ছে। প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন ২৯ এপ্রিল, প্রতীক বরাদ্দ হবে ৩০ এপ্রিল এবং আগামী ১২ মে ভোটগ্রহণ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।